**Ex/CBCS/BNG/PG/3·1/2024**

## স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.১

## ভারতীয় সাহিত্য তত্ত্ব

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।* ১০×৩=৩০

১. ভট্ট লোল্লট রসসূত্রের যে ব্যাখ্যা হাজির করেছিলেন সংক্ষেপে তা বিবৃত করো। শ্রী শঙ্কুক এই বক্তব্য খন্ডন করেছেন কীভাবে তা বুঝিয়ে দাও। ৬+৪=১০

**অথবা**

২. রস অনুমিত, উৎপন্ন কিংবা ভুক্ত হয় না, অভিব্যক্ত হয় — অভিনবগুপ্তের এই সিদ্ধান্তের পিছনে যে দার্শনিক ভিত্তি কাজ করেছে তা সংক্ষেপে আলোচনা করো। প্রসঙ্গত অভিনব কথিত 'স্বসংবিদানন্দচর্ধনাব্যাপার' কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৬+৪=১০

**অথবা**

৩. (ক) রসসূত্রে 'সংযোগ' শব্দটিকে লোল্লট, শঙ্কুক, নায়ক ও অভিনবগুপ্ত কীভাবে দেখেছেন উল্লেখ করো। ৫





(খ) নাট্যশাস্ত্রে রস প্রসঙ্গে ক্রিয়ার একবচন ও বহুবচন - দুই-ই ব্যবহৃত হয়েছে। এর তাৎপর্য কী বুঝিয়ে দাও। ৫

৪. ধ্বনির আলোচনায় আনন্দবর্ধন ও অভিনবগুপ্তের মত পার্থক্যগুলি উল্লেখ করো। ধ্বনিবাদের বিপরীতে আচার্য মহিমভট্ট যে তর্ক তুলেছেন সেটি সংক্ষেপে লেখো। ৬+৪=১০

**অথবা**

৫. বিবক্ষিতান্যপরবাচ্য ধ্বনির শ্রেণিবিভাজনটি সংক্ষেপে আলোচনা করো। ১০

৬. 'বাহিরের জগৎ' পরবর্তী দুটি পর্যায়ের মধ্যে দিয়ে কীভাবে 'সাহিত্য' হিসেবে রূপলাভ করে, রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে লেখো। ১০

**অথবা**

৭. ''কিন্তু লোকশিক্ষার কী হইবে। সে কথার জবাবদিহি সাহিত্যের নহে।'' 'বাস্তব' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই মত বুঝিয়ে লেখো। তুমি কি এই মত সমর্থন করো? নিজের মতামতের সপক্ষে যুক্তি দাও। ৬+৪=১০

৮. অবনীন্দ্রনাথ ঠাকুরের দৃষ্টিভঙ্গি অনুযায়ী শিল্পে সুন্দর-অসুন্দরের ভাবনাটি সংক্ষেপে আলোচনা করো। ১০

**অথবা**

৯. টীকা লেখো (যে কোনও **দুটি**) ঃ ৫×২=১০

(ক) বর্ণিকাভঙ্গ

(খ) শিল্প ভাষা

(গ) শিল্পে অধিকার

(ঘ) শিল্পীর প্রমা

★★★